



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2022

গভর্নর ক্যাথি হোকল

ডেমোক্রেটিক হাউসের নেতা হিসেবে হাকিম জেফ্রিস এর নির্বাচিত হওয়া সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আমাদের গণতান্ত্রিক মূল্যবোধের জন্য ব্রুকলিনের নিজস্ব প্রতিনিধি হাকিম জেফ্রিস এর চেয়ে ভালো কোনো প্রবক্তা হতে পারে না। স্টেট অ্যাসেম্বলিতে দায়িত্ব পালনের সময় থেকে নিয়ে কংগ্রেসে তার বর্তমান দায়িত্ব পর্যন্ত, রিপ্রেজেন্টেটিভ জেফ্রিস জনগণের জন্য — আমাদের গণতন্ত্রের জন্য, জন নিরাপত্তার জন্য, ক্রিমিনাল জাস্টিস ব্যবস্থার পুনর্গঠনের জন্য, এবং তিনি যেসব কমিউনিটির সেবায় নিয়োজিত রয়েছেন তাদের জন্য লড়াই করে চলেছেন। হাউস ডেমোক্রেটিক লিডার হিসেবে তার ঐতিহাসিক নির্বাচনের জন্য আমি রিপ্রেজেন্টেটিভ জেফ্রিসকে অভিনন্দন জানাই, যেটি একটি বড় অর্জন যা 118তম কংগ্রেসের জন্য নেতৃত্বের একটি নতুন যুগ নিয়ে আসবে। আমি রিপ্রেজেন্টেটিভ জেফ্রিসকে একজন বন্ধু হিসেবে পরিচয় দিতে পেরে গর্বিত এবং আমি আত্মবিশ্বাসী যে নিউ ইয়র্কবাসীদের জন্য বিভিন্ন কাজ সম্পন্ন করার জন্য একসঙ্গে কাজ করার সময়ে তিনি একজন অবিচল অংশীদার হিসেবে দায়িত্ব পালন করা অব্যাহত রাখবেন। নিউ ইয়র্কবাসী — এবং সব আমেরিকান — রিপ্রেজেন্টেটিভ জেফ্রিসকে নিজেদের পক্ষে পাওয়ার কারণে সৌভাগ্যবান।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418